গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
ত্রাণ ও পুনর্বাসন শাখা
www.munshiganj.gov.bd

**স্মারক নম্বর:** ০৫.৩০.৫৯০০.০০০.৪১.০০৭.২২.৫৮৪

তারিখ: ১০ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২৪ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে প্রাপ্ত ৩য় কিস্তির নগদ অর্থ উপ-বরাদ্দ প্রদান**

সূত্র: বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা এর পত্র নং- ০৫.৪১.৩০০০.০১১.১৪.০০২.১৮.১৪৭, তারিখ : ২২-০৬-২০২৩ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে প্রাপ্ত ৩য় কিস্তির বরাদ্দ দ্বারা প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত বর্ণিত ছক মোতাবেক প্রকল্পের অনুকূলে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে স্ব-স্ব উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে নগদ অর্থ উপ-বরাদ্দ প্রদান করা হলো।

| ক্র: নং | উপজেলার নাম | প্রকল্পের নাম | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান | বরাদ্দের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | মুন্সীগঞ্জ সদর | প্রতি উপজেলা শিল্পকলা একাডেমির বাদ্যযন্ত্র ক্রয়ের জন্য ১২ হাজার টাকা হারে অর্থ বরাদ্দ (১২০০০X৬) | জেলা শিল্পকলা একাডেমি, মুন্সীগঞ্জ | ৭২,০০০/- |
| ০২ | মুন্সীগঞ্জ সদর | প্রতি উপজেলা ক্রীড়া সংস্থার সরঞ্জামাদি ক্রয়ের জন্য ১২ হাজার টাকা হারে অর্থ বরাদ্দ (১২০০০X৬) | জেলা ক্রীড়া সংস্থা, মুন্সীগঞ্জ | ৭২,০০০/- |
| ০৩ | টংগিবাড়ী | জেলার আওতাধীন যে কোন একটি উপজেলায় বালিকা বিদ্যালয়ের দরিদ্র বালিকাদের সাইকেল বিতরণের জন্য অর্থ বরাদ্দ | টংগিবাড়ী পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় | ১,০০,০০০/- |
| ০৪ | সিরাজদিখান | জেলার যে কোন একটি উপজেলা/ইউনিয়ন মুক্তিযুদ্ধ যাদুঘর উন্নয়নের জন্য অর্থ বরাদ্দ | মধ্যপাড়া ইউনিয়ন পরিষদ | ৫০,০০০/- |
| ০৫ | মুন্সীগঞ্জ সদর | মুন্সীগঞ্জ জেলা শহরে অবস্থিত শহিদ মুক্তিযোদ্ধাদের নাম সম্বলিত স্মৃতিফলক এর সিড়ি নির্মাণ ও সংস্কারের জন্য অর্থ বরাদ্দ, মুন্সীগঞ্জ সদর ,মুন্সীগঞ্জ | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | ১,০০,০০০/- |
| ০৬ | মুন্সীগঞ্জ সদর | জেলা প্রশাসন প্রাথমিক বিদ্যালয়, মুন্সীগঞ্জ এর বেঞ্চ ও বৈদ্যুতিক পাখা ক্রয়ের জন্য অর্থ বরাদ্দ, মুন্সীগঞ্জ সদর ,মুন্সীগঞ্জ | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | ৬০,৮০০/- |
| ০৭ | মুন্সীগঞ্জ সদর | জেলা প্রশাসন প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য ওয়াশ ব্লক নির্মাণের জন্য অর্থ বরাদ্দ, মুন্সীগঞ্জ সদর ,মুন্সীগঞ্জ | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | ৬০,৮২৫/- |
| | | | মোট | ৫,১৫,৬২৫/- |

শর্তাবলী:

০১। এ ব্যয় বাজেট কোড নং-১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ (ibas কোড

১৪৯০১০১-১২০০০১৯০৪০০০০০০০-৩৭২১১০১) খাত হতে নির্বাহ করা হবে।

০২। প্রকল্প বাস্তবায়ন সময়সীমা আগামী ৩০-০৬-২০২৩ খ্রি:

০৩। এ কর্মসূচীর অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও টিআর নির্দেশিকা ২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী (সোলার অংশ ব্যতিরেকে) যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৪। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা, প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফট কপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলকভাবে করতে হবে।

০৫। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৬। প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।

০৭। বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।

০৮। এ বরাদ্দের অর্থ দিয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয়/জনকল্যানমূলক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়ন করা যাবে এবং এক্ষেত্রে সরকারী শিক্ষা পড়তিষ্ঠানের ন্যায় ধর্মীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।

০৯। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাংগিক কাজ সম্পূর্ণ করে কাজ শুরু করা এবং অব্যয়িত নগদ অর্থ যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।

১০। কোন প্রকল্প ভুয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনতে হবে।

১১। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে বাধ্যতামূলক স্থাপন করতে হবে।

১২। বাস্তবায়িত প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন এ কার্যালয়ের ত্রাণ শাখায় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ এবং নিরীক্ষার জন্য হিসাব সংরক্ষণ করতে হবে।

১৩। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিন পরিদর্শন করে উপ-বরাদ্দকৃত টাকা ছাড় করতে হবে।

১৪। উল্লিখিত প্রকল্পসমূহের ৫০% প্রকল্প উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক সরজমিনে পরিদর্শনপূর্বক পরিদর্শন রিপোর্ট উপবাদ্দ প্রদানের ৩০ কার্যদিবসের মধ্যে এ কার্যালয়সহ বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১৫। উপ-বরাদ্দ পত্রটি স্ব-স্ব উপজেলার ওয়েবসাইটে আপলোড করতে হবে।

২৪-০৬-২০২৩
কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক
০২-৯৯৭৭৩১১০০
dcmunshiganj@mopa.gov.bd

**বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুন্সিগঞ্জ সদর;

২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,টংগীবাড়ী,মুন্সীগঞ্জ এবং

৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,সিরাজদিখান,মুন্সীগঞ্জ।

**স্মারক নম্বর:** ০৫.৩০.৫৯০০.০০০.৪১.০০৭.২২.৫৮৪/১ (৬)

তারিখ: ১০ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২৪ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
২। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা;
৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মুন্সীগঞ্জ;
৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর/টংগিবাড়ী/সিরাজদিখান, মুন্সীগঞ্জ;
৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর/টংগিবাড়ী/সিরাজদিখান, মুন্সীগঞ্জ এবং
৬। প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মুন্সিগঞ্জ (পত্রটি জেলা ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)।

২৪-০৬-২০২৩
কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক